তারিখ ... 12 MAY 2018 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

দৈনিক ইত্তেফাক

# ৪৪ হাজার ছাত্র-ছাত্রীকে আর্থিক সহায়তা, সনদ ও বই প্রদান

■ ইত্তেফাক রিপোর্ট

দেশের ১২১ উপজেলার মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের ৪৪ হাজার ছাত্র-ছাত্রীকে ৫০০ টাকার আর্থিক সহায়তা, একটি করে সার্টিফিকেট ও বিশ্ব সাহিত্যকেন্দ্র প্রদত্ত একটি করে বই প্রদান করেছে সরকার। সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি এ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)এর উদ্যোগে গতকাল মঙ্গলবার মাধ্যমিক বিদ্যালয়ের ৭ম-১০ম শ্রেণীতে পাঠরত প্রথম স্থান অধিকারী ৪৪ হাজার শিক্ষার্থীর প্রতিনিধি ২০০ জনের হাতে পুরস্কার দিয়েছে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

এক্সিইডি মিলনায়তনে আয়োজিত সেকায়েপ প্রকল্পের প্রকল্প পরিচালক মোঃ রবিউল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে সংসদ সদস্য বেনজির আহমেদ, শিক্ষা সচিব সৈয়দ আতাউর রহমান, বিশ্ব সাহিত্য কেন্দ্রের সভাপতি অধ্যাপক আবুসাঈদ আবু সায়ীদ, অতিরিক্ত সচিব মোঃ সিরাজুল ইসলাম, এক্সিইডি'র প্রধান প্রকৌশলী মোঃ ওয়াহিদুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রকল্পের পক্ষ থেকে জানানো হয়েছে, এর বাইরেও ৯ম-১০ম শ্রেণীর ২ হাজার ৭শ' জন ইংরেজী ও অংকের শিক্ষককে ১০ হাজার করে টাকা, এসএসসি/দাখিল পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল করা ১ হাজার ৬শ' প্রতিষ্ঠানকে ৭৫ হাজার করে টাকা প্রদান করবে।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, বিনামূল্যে পাঠ্যপুস্তক প্রদান, বছরের প্রথম দিন থেকে ক্লাস শুরু করা, ৫ম শ্রেণীর সমাপনী পরীক্ষা, ঝরে পড়া রোধ করা, শিক্ষার বিভিন্ন পর্যায়ে আইসিটি'র ব্যবহার বৃদ্ধিসহ নানা উদ্যোগ হাতে নিয়েছে সরকার।

মন্ত্রী বলেন, এসব কর্মকাণ্ডের ইতিবাচক ফলাফলও আমরা পেতে শুরু করেছি। বিভিন্ন শ্রেণীতে ভর্তির হার গত বছরের চেয়ে ১৭-১৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে। তিনি স্কুল কমিটির সভাপতিসহ সদস্যবর্গকে স্কুলের লেখাপড়ার মান উন্নত করার পাশাপাশি প্রতিটি অঞ্চলে ছাত্রীদের উত্যক্ত করা থেকে বখাটে-সন্ত্রাসীদের প্রতিরোধ করতে সম্মিলিত কমিটি গঠনের আহ্বান জানান। শিক্ষামন্ত্রী শিক্ষা প্রশাসন থেকে দুর্নীতির মূলোৎপাটন করা ও অপচয় রোধ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।